



ফ্যাসিস্ট রাষ্ট্রপতির বিরুদ্ধে অভিশংসনের আহ্বান নাহিদ ইসলামের



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

নাহিদ ইসলাম নতুন রাষ্ট্রপতি নির্বাচনের আহ্বান জানিয়ে বলেছেন, বর্তমান রাষ্ট্রপতিকে অভিশংসনের মাধ্যমে অপসারণ করে আইনের আওতায় আনতে হবে। তার অভিযোগ, রাষ্ট্রপতি শপথ ভঙ্গ করেছেন, আর্থিক অনিয়মে জড়িত এবং সংকটকালে দায়িত্বশীল ভূমিকা রাখেননি। তিনি জানান, নির্বাচন নিয়ে বিতর্ক থাকলেও জনগণের ম্যাভেটের প্রতি সম্মান দেখিয়ে তারা সংসদে যোগ দেন। তবে রাষ্ট্রপতিকে বক্তব্যের সুযোগ দেওয়ায় প্রতিবাদ জানিয়ে তারা ওয়াকআউট করেন।

নাহিদ ইসলাম অভিযোগ করেন, রাজনৈতিক প্রতিপক্ষের হামলা ও অগ্নিসংযোগের ঘটনা অব্যাহত রয়েছে। তিনি সমর্থকদের আইনশৃঙ্খলা বাহিনীর সহায়তা নেওয়ার আহ্বান জানান এবং প্রশাসন ব্যর্থ হলে গণপ্রতিরোধ গড়ে তোলার ইশিয়ারি দেন।

ইফতার অনুষ্ঠানে নাসীরুদ্দীন পাটওয়ারীসহ অন্যান্য নেতারা বক্তব্য দেন। তারা বিভিন্ন শহীদের রুহের মাগফিরাত কামনা করেন এবং প্রবীণ রাজনীতিবিদ মির্জা আব্বাস—এর সুস্থতা কামনা করেন। স্থানীয় বিভিন্ন খাতে চাঁদাবাজি ও নদী ঘিরে স্বার্থাশেষী কার্যক্রম প্রতিরোধে সক্রিয় থাকার বার্তাও দেন।